



গণ বিশ্ববিদ্যালয়ে বর্ণিল আয়োজনে বাংলা নববর্ষ উদযাপন



ছবি: প্রতিনিধি

বাংলা নববর্ষ ১৪৩৩ উপলক্ষে বাঙালি সংস্কৃতির আবহে সাভারের গণ বিশ্ববিদ্যালয় (গবি) ক্যাম্পাস পরিণত হয়েছে এক উৎসবমুখর মিলনমেলায়। বৈশাখী মেলা ও নানা সাংস্কৃতিক আয়োজনে দিনভর সরগরম ছিল পুরো ক্যাম্পাস। নাচ, গান, বিতর্কের পাশাপাশি মেলার স্টলগুলোতে পান্তা-ইলিশ ও হাতে তৈরি চুড়ি-গহনার পসরা শিক্ষার্থীদের আকর্ষণের কেন্দ্রবিন্দুতে পরিণত হয়।

মঙ্গলবার (১৪ এপ্রিল) সকালে বিশ্ববিদ্যালয়ের ট্রান্সপোর্ট চত্বরে গণ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (গকসু) আয়োজিত এ উৎসবের উদ্বোধন করেন উপাচার্য অধ্যাপক ড. মো. আবুল হোসেন।

মেলা ঘুরে দেখা যায়, আলপনার রঙে সেজে উঠেছে পুরো চত্বর। শিক্ষার্থীরা রঙিন শাড়ি ও পাঞ্জাবিতে ধারণ করেছে বাঙালির ঐতিহ্যবাহী সাজ। মঞ্চজুড়ে চলেছে লোকজ সংগীত ও নৃত্য পরিবেশনা, আর দর্শক-শ্রোতাদের উপস্থিতিতে প্রাণবন্ত হয়ে উঠেছে অনুষ্ঠানস্থল। স্টলগুলোতে ছিল পান্তা-ইলিশসহ নানা ধরনের ঐতিহ্যবাহী খাবার এবং হাতে তৈরি অলংকারের সমাহার।

উদ্বোধনী বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. মো. আবুল হোসেন বলেন, গ্রামবাংলার মেলার ঐতিহ্য শহরে তেমনভাবে দেখা যায় না। বাঙালি সংস্কৃতিকে টিকিয়ে রাখতে এই ঐতিহ্য সর্বত্র ছড়িয়ে দেওয়া জরুরি। নববর্ষের এই আয়োজনের মধ্য দিয়ে পুরোনো গ্লানি ভুলে নতুন বছরে শান্তি ও সমৃদ্ধির পথে এগিয়ে যাওয়ার আহ্বান জানান তিনি।

গকসুর সাহিত্য ও সাংস্কৃতিক সম্পাদক মো. মারুফ জানান, এমন আয়োজন করতে পেরে তারা আনন্দিত। তিনি উপাচার্যসহ সংশ্লিষ্ট সবার প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করে শিক্ষার্থীদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণের মাধ্যমে নববর্ষ উদযাপনের আহ্বান জানান।

এদিকে, গকসুর সহ-সভাপতি (ডিপি) ইয়াসিন আল মৃদুল দেওয়ান বলেন, আধুনিকতার ভিড়ে হারিয়ে যেতে বসা গ্রামবাংলার সংস্কৃতি ও ঐতিহ্যকে ধরে রাখতেই এই মেলার আয়োজন। পাশাপাশি শিক্ষার্থীদের শৈশবের স্মৃতিকে আবারও জীবন্ত করে তুলতেই তাদের এ উদ্যোগ।